যুগান্তর

তারিখ ... 24 JUL 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...



রোববার এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের পর বাঁধভাঙা আনন্দে মেতে ওঠে শিক্ষার্থীরা। (উপর থেকে) রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজ, নটর ডেম কলেজ, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা কলেজ ও ঢাকা সিটি কলেজ থেকে তোলা ছবি যুগান্তর

# কুমিল্লা বোর্ডে এইচএসসিতেও ফল বিপর্যয়

**কুমিল্লা ব্যুরো**

এসএসসির মতো এইচএসসিতেও কুমিল্লা শিক্ষাবোর্ডে ফল বিপর্যয় ঘটেছে। এবার এ বোর্ডে পাস করেছে ৪৯.৫২ শতাংশ শিক্ষার্থী, যা গত বছর ছিল ৬৪.৪৯ শতাংশ। রোববার দুপুরে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কায়সার আহমেদ এ ফলাফল ঘোষণা করেন।

ফলাফলে দেখা যায়, এ বছর এইচএসসিতে ১ লাখ ৩৭২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ৪৯ হাজার ৭০৪ জন। জিপিএ-৫ পেয়েছে ৬৭৮ জন। তবে বিজ্ঞান বিভাগে গতবারের মতোই পাসের হার অন্যান্য বিভাগের চেয়ে বেশি।

গত বছরের তুলনায় এবার শতভাগ

■ পৃষ্ঠা ৭ : কলাম ৩

## কুমিল্লা বোর্ডে

(৩য় পৃষ্ঠার পর)

পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ও জিপিএ-৫ কমেছে। এবার শতভাগ পাস করা শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা ৭, গতবার ছিল ৮টি। এবার শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যা ৩টি। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কায়সার আহমেদ জানান, ইংরেজিতে ৬২.০৬ শতাংশ শিক্ষার্থী পাস করায় সমগ্র ফলাফলে এর বিরূপ প্রভাব পড়েছে। কুমিল্লা সরকারি মহিলা কলেজের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. মহসিন বলেন, অনেক শিক্ষার্থী ইংরেজি বিষয়ে দক্ষ হয়ে উঠতে পারেনি।